

জাতীয় পরিচয়পত্র হারিয়ে গেলে করণীয়

১. জাতীয় পরিচয়পত্র নম্বর দিয়ে থানায় জিডি করতে হবে।

(জাতীয় পরিচয়পত্র নম্বর না থাকলে অফিসে যোগাযোগ করে ভোটার তালিকা খুঁজে ভোটার নম্বর বের করতে হবে)

২. services.nidw.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করে রেজিষ্টার সম্পন্ন করতে হবে।

৩. রিইস্যু অপশনে যেতে হবে, বিকাশের মাধ্যমে নির্ধারিত পরিমাণ ফি জমা দিতে হবে এবং প্রয়োজনীয় তথ্য দিয়ে জিডি কপি সংযুক্ত করে আবেদন করতে হবে।

৪. আবেদন অনুমোদন হইলে মোবাইলে ম্যাসেজ এর মাধ্যমে জানতে পারবেন। তারপর আপনার এ্যাকাউন্টে প্রবেশ করে ডাউনলোড অপশন হতে জাতীয় পরিচয়পত্র ডাউনলোড করে নিতে পারবেন। ডাউনলোডকৃত জাতীয় পরিচয়পত্র প্রিন্ট করে লেমেনেটেড করে ব্যবহার করতে পারবেন।

ভোটার এলাকা পরিবর্তন পরবর্তী জাতীয় পরিচয়পত্র নিতে করণীয়

১. services.nidw.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করে রেজিষ্টার সম্পন্ন করতে হবে।

২. রিইস্যু অপশনে যেতে হবে, বিকাশের মাধ্যমে নির্ধারিত পরিমাণ ফি জমা দিতে হবে এবং প্রয়োজনীয় তথ্য দিয়ে বর্তমান জাতীয় পরিচয়পত্রের রঙিন স্ক্যান কপি সংযুক্ত করে আবেদন করতে হবে।

৩. আবেদন অনুমোদন হইলে মোবাইলে ম্যাসেজ এর মাধ্যমে জানতে পারবেন। তারপর আপনার এ্যাকাউন্টে প্রবেশ করে ডাউনলোড অপশন হতে জাতীয় পরিচয়পত্র ডাউনলোড করে নিতে পারবেন। ডাউনলোডকৃত জাতীয় পরিচয়পত্র প্রিন্ট করে লেমেনেটেড করে ব্যবহার করতে পারবেন।